# P. N. DAS COLLEGE

Santinagar, Palta, P.O.: Bengal Enamel, North 24 Parganas, Pin - 743122 (W.B.)
Phone : (033) 2592 1327, Fax : (033) 2592 1327, e-mail : pndc.principal11@gmail.com
Website : www.pndascollege.in


NAAC ACCREDITED - 2016

Ref.: ................................ Date ................................

## ACTIVITY REPORT
## 2019 - 20

1. **Name of Department / Committee / Cell:** *Internal Quality Assurance Cell (IQAC), P.N. Das College*
2. **Name of the Event / Activity:** *Students' Trip to Port Trust and Heritage Walk organized by Institute of Social and Cultural Studies and Kolkata Port trust authorities*
3. **Date(s) of the event:** *30.01.2020*
4. **Venue of the Event:** *Kolkata Port Deck No. 2*
5. **Nature of the Activity (Tick / underline the applicable choice):** ***programme / function / event / competition / lecture / exhibition / camp / workshop / training / extension activity / rally / campaign / drive / celebration of days / extending help in terms of students, expertise, experience, etc.:*** *Students' Trip*
6. **Level of the activity (Tick / underline the applicable choice):** ***International / National / State / University / District / College / Local / Village / Gram Panchayet:*** *State*
7. **Name of the Sponsor, if any:** *College*
8. **Purpose / Aims / Objectives of the event:** *To make the students' aware of the rich cultural heritage of India*
9. **Beneficiaries / participants / audience (Type and/or number):** *About 50 students from college*
10. **Outcome of the activity [Tick or underline the suitable alternative(s) and give details]:** ***awareness / prizes won / social service / personality development (name the aspects) / skill testing or development, etc.*** *Awareness*
11. **Evidence produced (Lists, Certificates, letters, newspaper cuttings, etc.):** *Photographs of the event and Newspaper clip the following day*

Sharmila De


**Signature of the Principal**

# P. N. DAS COLLEGE

Santinagar, Palta, P.O.: Bengal Enamel, North 24 Parganas, Pin - 743122 (W.B.)
Phone : (033) 2592 1327, Fax : (033) 2592 1327, e-mail : pndc.principal11@gmail.com
Website : www.pndascollege.in

**NAAC ACCREDITED - 2016**

*Ref.:* .................................. *Date* ..................................








# P. N. DAS COLLEGE

Santinagar, Palta, P.O.: Bengal Enamel, North 24 Parganas, Pin - 743122 (W.B.)
Phone : (033) 2592 1327, Fax : (033) 2592 1327, e-mail : pndc.principal11@gmail.com
Website : www.pndascollege.in


**NAAC ACCREDITED - 2016**

*Ref.:* .................................. *Date* ..................................

# পায়ে পায়ে শ্রমিকের অতীতের খোঁজ

**এই সময়:** কুয়াশায় আচ্ছন্ন গঙ্গার দিকে দেখিয়ে অধ্যাপক গৌতম বিশ্বাস তাঁর ছাত্রীদের বলছিলেন নোবেলজয়ী সাহিত্যিক ভিএস নইপলের কথা— 'এই জেটি ধরে নৌকায় উঠেছিলেন নইপলের ঠাকুরদার বাবা ও মা। গঙ্গার মাঝখানে নোঙর করা ছিল একটা জাহাজ। নৌকায় করে ওই জাহাজে গিয়ে উঠেছিলেন তাঁরা।'

ভারতের চুক্তিবদ্ধ শ্রমিকের দল যে ঘাট থেকে বিদেশের দিকে পাড়ি জমাতে শুরু করেছিল উনবিংশ শতাব্দীর তিরিশের দশকে, বৃহস্পতিবার সেই ঘাট ও শ্রমিকদের স্মৃতিতে তৈরি স্মারক দেখানোর আয়োজন যৌথ ভাবে করেছিল ইনস্টিটিউট অফ সোশ্যাল অ্যান্ড কালচারাল স্টাডিজ (আইএসসিএস) এবং কলকাতা বন্দর কর্তৃপক্ষ। সেই উপলক্ষেই দেশের ইতিহাসের হারিয়ে যাওয়া একটা অধ্যায় সম্পর্কে বিশদে জানলেন পলতা পি এন দাস কলেজের পড়ুয়ারা।

সোনি রামাধিন, রোহন কানহাই, অলভিন কালীচরণ থেকে শিবনারায়ণ চন্দ্রপাল, রামনরেশ সারওয়ান। ওয়েস্ট ইন্ডিজের ক্রিকেট দলে বার বার দেখা



চলছে হেরিটেজ ওয়াক — কৌশিক রায়

গিয়েছে খেলোয়াড়দের নামে ভারতীয় ছোঁয়া। ফিজির প্রধানমন্ত্রীর নামই বা কী করে মহেন্দ্র চৌধুরী হয়? রহস্যের চাবি লুকিয়ে আছে কলকাতাতেই।

এ দিন সকালে ওই কলেজ পড়ুয়ারা সেই ইতিহাসেরই একটা ঝলক পেলেন। কলকাতা বন্দরের ২ নম্বর ডকের চৌহদ্দিতে রয়েছে এমনই এক ঘাট, যেখান থেকে বিদেশে পাড়ি দিতেন শ্রমিকেরা। কলকাতা বন্দরেরই অন্য এক দিকে রয়েছে সুরিনাম ঘাট। দক্ষিণ আমেরিকার দেশ সুরিনামে কায়িক পরিশ্রম করার জন্য এই ঘাট থেকেই যাত্রা শুরু হত বিহার, উত্তরপ্রদেশ ও উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন অঞ্চলের শ্রমিকদের।

কলকাতা বন্দরের এই বিশেষ 'হেরিটেজ ওয়াকে' যোগ দেন মুম্বই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা রেণু মোদী। তাঁর কথায়, 'ওই ভারতীয় শ্রমিকদের উত্তরসূরিরা আজ অনেকেই প্রতিষ্ঠিত। তাঁরা নিজেদের শিকড় খুঁজছেন। ওই শিকড় এ দেশে।' রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপিকা ঈশানী নস্কর বলছেন, 'এখানকার সংস্কৃতিও ওই শ্রমিকদের সঙ্গে ভিন দেশে পৌঁছে গিয়েছিল। যার ফলে তৈরি হয়েছিল নতুন সংস্কৃতি।' প্রায় ২০০ বছর আগে যেখানে এমন ঘটনার সূত্রপাত, সেই জায়গায় দাঁড়িয়ে রীতিমতো রোমাঞ্চিত স্বর্ণালী বিশ্বাস, স্নেহা দাস, চন্দ্রা বাগচিরা। তাঁরা জানালেন, ঘটনাস্থলে দাঁড়িয়ে অতীতকে অনুভব করার যে আনন্দ, তাঁদের সেই অনুভূতিই হয়েছে।

## সেই সময়

উনবিংশ শতাব্দীর তৃতীয় দশকে ভারত থেকে বিশ্বের বিভিন্ন দেশে 'চুক্তির ভিত্তিতে' শ্রমিকদের পাঠানো শুরু হয়। ইংল্যান্ডে দাসপ্রথা নিষিদ্ধ হয়ে যাওয়ার পর এক শ্রেণির ব্যবসায়ী ভারতীয় শ্রমিকদের দক্ষিণ আফ্রিকা, মরিশাস, ওয়েস্ট ইন্ডিজের বিভিন্ন দ্বীপ, সুরিনাম, ফিজি এবং অন্যান্য নানা দেশে কায়িক পরিশ্রমের জন্য নিয়ে যাওয়া শুরু করেন। মুম্বই, চেন্নাই ও কলকাতা বন্দর থেকে বিদেশে শ্রমিক পাঠানো শুরু হয়। বিভিন্ন দেশের মধ্যে সংখ্যার বিচারে সব চেয়ে বেশি ভারতীয় শ্রমিক পাঠানো হয়েছিল মরিশাসে— প্রায় সাড়ে চার লক্ষ। ঐতিহাসিকদের বক্তব্য, গত শতাব্দীর কুড়ির দশক পর্যন্ত এই প্রথা চলেছিল। বিদেশে পাঠানো হয়েছিল অন্তত ১৬ লক্ষ শ্রমিককে।



